DEC. 1 0 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৭....

# কোর্স বাতিল বিপাকে ফেলেছে মেডিক্যাল ভার্সিটি ছাত্রদের

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় চিকিৎসক পরিষদের নেতৃবৃন্দ গত শনিবার এক সভায় বলেন, গত বৃহস্পতিবার মেডিক্যাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বর্তমান কোর্স কারিকুলাম বাতিলের সিদ্ধান্ত নেয়ায় ভর্তিকৃত দুইটি ব্যাচের শিক্ষার্থীদের ভবিষ্যৎ হুমকির সম্মুখীন। ভর্তি পরীক্ষা বাতিল হওয়াতে কয়েক হাজার চিকিৎসক শিক্ষার্থী অনিশ্চয়তায় ভুগছেন। সম্প্রতি স্নাতকোত্তর প্রতিষ্ঠানের এফিলিয়েশন বাতিল করে সরকারের পিজি হাসপাতাল পুনর্বহাল এবং কোর্স কারিকুলাম বাতিলের সিদ্ধান্তই হচ্ছে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ধ্বংস করার গভীর ষড়যন্ত্র বলে নেতৃবৃন্দ উল্লেখ করেন। কর্তৃপক্ষ রাজনৈতিক উদ্দেশ্য হাসিল করার জন্য এই ধরনের কর্মকাণ্ড চালাচ্ছেন বলে নেতৃবৃন্দ দাবী করেন। পরিষদের সভাপতি ডাঃ এম এ আজিজের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক ডাঃ জাকারিয়া স্বপনসহ অন্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ। -প্রেস বিজ্ঞপ্তি